আজকের কাগজ

তারিখ ... 0- 1 NOV 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

113

ঢাকা মেডিকেল কলেজ

# ছাত্র সংসদ নির্বাচনে ৫টি প্যানেল হয়েছে

**ওমর ফারুক সাবের :** আগামী ১১ নভেম্বর ঢাকা মেডিকেল কলেজ ছাত্র সংসদসহ (ঢামেকসু) নির্বাচনে প্রতিদ্বন্দ্বী ৫টি দলের পক্ষ থেকে প্যানেল ঘোষিত হয়েছে। গতকাল ছিলো প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন। প্রতিদ্বন্দ্বী দলগুলোর মধ্যে জাতীয়তাবাদী ছাত্রদল সায়েফ-ইব্রাহীম, ছাত্রলীগ (ম-ই) মশিউর-কামরুল, জাসদ সমর্থিত ছাত্রলীগ মোরতায়েজ-পলাশ, ছাত্র ইউনিয়ন আযম-সেলিম এবং ছাত্র শিবির শরীফ-মোর্শেদ প্যানেল নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে।

দেয়াল লিখন, পোস্টার ও ব্যানারের মাধ্যমে প্রতিটি দল তাদের পরিচয় তুলে ধরছে। ভোটারদের কাছে বিশেষ করে ছাত্রী হোস্টেলে প্রার্থীরা নির্বাচনী প্রতিশ্রুতি দেয়ার মাধ্যমে গভীর রাত পর্যন্ত নির্বাচনী প্রচারণা চালাচ্ছে।

উল্লেখ্য, গত নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল ও জাসদ ছাত্রলীগ-এর যৌথ প্যানেল ছাত্রলীগ (ম-ই) ও ছাত্র ইউনিয়নের বিরুদ্ধে পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছিলো। এবারে জাসদ ছাত্রলীগ ও ছাত্র ইউনিয়ন মিলে গণতান্ত্রিক ছাত্র ঐক্যের যৌথ প্যানেল দেয়ার কথা ঘোষণা করলেও পদ বন্টনে মতানৈক্যের কারণে ২টি দল পৃথক পৃথক প্যানেলে প্রতিদ্বন্দ্বিতা করছে। শীত মৌসুমে ঢাকায় মহানগরী ১ম ছাত্র সংসদ হিসেবে ঢামেকস নির্বাচনে প্রধান প্রদান দুটি প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠন নিজ নিজ মাতৃ সংগঠন থেকে সরাসরি পৃষ্ঠপোষকতা পাচ্ছে বলে জানা গেছে।

অধ্যাপক রঙ্গলাল সেন ও হেমায়েত উদ্দিন আহমেদ, অধ্যাপিকা গীতালী দাস প্রমুখ। খবর বিজ্ঞপ্তি।